

এডিবি প্রদত্ত 'বেস্ট প্রজেক্ট টিম এ্যাওয়ার্ড ২০১৩' লাভ করে স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তরের আওতায় বাস্তবায়নাধীন দ্বিতীয় নগর পরিচালন ও অবকাঠামো উন্নতিকরণ (সেক্টর) প্রকল্প (ইউজিআইআইপি) - ২ এর প্রকল্প পরিচালক ও তার টিম। গত ৫ ফেব্রুয়ারী ২০১৪, রাজধানীর এক রেস্তোরায় অনুষ্ঠিত আয়োজনের মধ্য দিয়ে এ স্বীকৃতি সনদ প্রদান করা হয়। ইউজিআইআইপি - ২ এর প্রকল্প পরিচালক জনাব মোঃ শফিকুল ইসলাম আকন্দ এর হাতে এ সনদ তুলে দেন এডিবি বাংলাদেশ রেসিডেন্স মিশনের অফিসার-ইন-চার্জ Mr.Stefan Ekelund. এ সময়ে অন্যান্যদের মধ্যে উপস্থিত ছিলেন এলজিইডির অতিরিক্ত প্রধান প্রকৌশলী জনাব শ্যামা প্রসাদ অধিকারী, এডিবি'র সিনিয়র প্রজেক্ট অফিসার জনাব মোঃ রফিকুল ইসলাম।

## প্রকল্প বাস্তবায়নে উল্লেখযোগ্য কৃতিত্বের জন্য পুরস্কৃত হলো ইউজিআইআইপি-২

গত ৫ ফেব্রুয়ারী ২০১৪, রাজধানীর একটি রেস্তোরায় এক অনুষ্ঠানের মধ্য দিয়ে এশীয় উন্নয়ন ব্যাংক, বেস্ট প্রজেক্ট টিম এ্যাওয়ার্ড ২০১৩ ঘোষণা করে। প্রকল্প বাস্তবায়নে উল্লেখযোগ্য কৃতিত্বের জন্য ২০১৩'র এ পুরস্কার লাভ করে স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তরের আওতায় বাস্তবায়নাধীন দ্বিতীয় নগর পরিচালন ও অবকাঠামো উন্নতিকরণ (সেক্টর) ইউজিআইআইপি-২ এর প্রকল্প পরিচালক মোঃ শফিকুল ইসলাম আকন্দ ও তাঁর টিম। দক্ষ ব্যবস্থাপনা, লক্ষ্য অর্জনে সফলতা, আর্থিক স্বচ্ছতা, টিম ওয়ার্ক ও যোগ্য নেতৃত্ব দিয়ে দেশের ৪৭টি পৌরসভার প্রাতিষ্ঠানিক দক্ষতা গড়ে তোলার পাশপাশি উন্নত নাগরিক সেবা নিশ্চিত করার জন্য গৃহীত ইউজিআইআইপি-২ প্রকল্পটি দক্ষতার সাথে পরিচালনা করায় প্রকল্প পরিচালক জনাব মোঃ শফিকুল ইসলাম আকন্দ ও তাঁর টিমকে এশীয় উন্নয়ন ব্যাংক এ পুরস্কারে ভূষিত করে। উন্নয়ন সংস্থা কর্তৃক প্রদত্ত এ ধরণের পুরস্কার সরকারের উন্নয়ন কর্মকা-ের স্বচ্ছতা ও জবাবদিহিতার স্বাক্ষর বহন করে। উল্লেখ্য প্রকল্পটি বিগত ২০১১ সালেও বেস্ট প্রজেক্ট টিম এ্যাওয়ার্ড লাভ করে।